তারিখ ... 07 OCT 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

8

দৈনিক খবর

# শ্রীপুর ডিগ্রী কলেজে ছাত্রদল–ছাত্রলীগ সংঘর্ষ ঃ আহত ২

শ্রীপুর (গাজীপুর), ৬ই অক্টোবর (সংবাদদাতা)।– শ্রীপুর ডিগ্রী কলেজে ছাত্রলীগ ও ছাত্রদলের সংঘর্ষের ফলে মোঃ নজরুল ইসলাম মন্ডল এবং মোঃ নজরুল ইসলাম মৃধা (ছাত্রলীগ কর্মী) গুরুতরভাবে আহত হয়েছে। আহতদেরকে শ্রীপুর মেডিকেলে ভর্তি করা হয়।

জানা যায়, শনিবার সাড়ে ১১টার দিকে কলেজ চত্বরে পরস্পর দু'টো বিরোধী সংগঠনের কর্মীরা সংঘর্ষে লিপ্ত হয়। সাধারণ ছাত্র-ছাত্রীরা ভয়ে কলেজ চত্বর ছেড়ে চলে যায়। সংঘর্ষের পর ছাত্রলীগ ও ছাত্রদল পরস্পর বিরোধী শ্লোগানের মাধ্যমে প্রতিবাদ মিছিল ও সমাবেশ করে। ছাত্রদল মিছিল শেষে কলেজ চত্বরে সমাবেশের আয়োজন করে। সমাবেশে বক্তারা কলেজের কিছুসংখ্যক অধ্যাপক সংঘর্ষের সাথে জড়িত রয়েছেন বলে অভিযোগ করেন। ছাত্রলীগ কর্মীরাও মিছিল শেষে উপজেলা চত্বরে সমাবেশ

শেষ পৃষ্ঠায় ৭ম কলামে

## শ্রীপুর ডিগ্রী কলেজে

প্রথম পৃষ্ঠার পর

করে। সমাবেশে ছাত্রনেতা কফিল উদ্দিন মন্ডল দোষী ব্যক্তিদের শাস্তি দাবী করে অবিলম্বে তাদের গ্রেফতারের দাবী জানান। ছাত্রলীগ কর্মী বুলবুল বলেন, শ্রীপুরে এহেন সন্ত্রাসের জন্য ছাত্রদল কর্মীরাই মূলতঃ দায়ী।

ঘটনার কারণ এবং বিস্তারিত বিষয় কলেজের ভাইস প্রিন্সিপাল ফনী ভূষণ সাহার নিকট জানতে চাইলে তিনি এবং অন্যান্য অধ্যাপকগণ কিছুই বলতে পারছেন না বলে জানান। তবে ধারণা করা হচ্ছে, গত ৩রা অক্টোবর ছাত্রদলের দু'জন কর্মীকে ছাত্রলীগ কর্মীরা শ্রীপুর চৌরাস্তায় অপমান করার পরিপ্রেক্ষিতে উক্ত সংঘর্ষ সংঘটিত হয়। এ ঘটনার পর পরই কর্তৃপক্ষ দু'দিনের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেন। এ ব্যাপারে সঠিক তথ্য পরিবেশন করার জন্য স্থানীয় অভিজ্ঞ মহল চেষ্টা করেছেন।